

বিজিএ/কাস/২০২২/১৮৬

০১ সেপ্টেম্বর, ২০২২


সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সে চতুর্থ ও পঞ্চম লিয়েন ব্যাংক সংযোজনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি বাণিজ্যের প্রসার এবং Ease of doing business নিশ্চিতকরণের লক্ষ্যে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সে চতুর্থ ও পঞ্চম লিয়েন ব্যাংক সংযোজনের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড আদেশ জারী করেছে।

এ সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০০৭.১৭/৩১২ তারিখ- ২২/০৮/২০২২ আপনাদের সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
[অফিস আদেশ]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০০৭.১৭/৩০২

তারিখ: ২২/০৮/২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়: বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্স এ চতুর্থ ও পঞ্চম লিয়েন ব্যাংক সংযোজনের অনুমতি প্রদান।

সূত্র: কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর পত্র নং-৫(১৩)১০১/কাস-বন্ড/জারাবো/বিবিধ/২০১৪/৯২৪২, তারিখঃ ১৮/০৭/২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনাতে, রপ্তানি বাণিজ্যের প্রসার এবং Ease of doing business নিশ্চিতকরণের লক্ষ্যে বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্স এ চতুর্থ ও পঞ্চম লিয়েন ব্যাংক সংযোজনের ক্ষেত্রে The Customs Act, 1969 এর Section-219B এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ শর্ত (Criteria) নির্ধারণ করল:

- (ক) এ জাতীয় আবেদন সংশ্লিষ্ট কমিশনারেট/কাস্টমস বন্ড কমিশনারেট এ দাখিল করতে হবে এবং কমিশনার উপযুক্ত বিবেচনায় আবেদনটি নিষ্পত্তি করবেন।
- (খ) সংশ্লিষ্ট/বিগত অর্থবছরে প্রতিষ্ঠানের টার্নওভার ন্যূনতম পঞ্চাশ মিলিয়ন ডলার হতে হবে।
- (গ) বিদ্যমান সর্বল লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র দাখিল করতে হবে।
- (ঘ) শ্রেণীবিন্যাসকৃত ঋণ থাকলে তা Regular থাকার প্রমাণক থাকতে হবে।
- (ঙ) নতুন/প্রস্তাবিত লিয়েন ব্যাংকের সম্মতিপত্র/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।
- (চ) প্রতিষ্ঠানটির নিরীক্ষা হালনাগাদ থাকতে হবে এবং নিরক্ষণ বকেয়া থাকলে তা পরিশোধ করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।

৪-৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/খুলনা

১০। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০০৭.১৭/

তারিখ: ২২/০৮/২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৩। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪-৫। অফিস কপি/গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com